

In the name of Allah, Most Gracious, Ever Merciful

Press Desk

সংবাদ বিজ্ঞপ্তি ১৮ জুলাই ২০১৫, শনিবার

Ahmadiyya Muslim Jamaat

## টুভালুর প্রধানমন্ত্রীর লন্ডনে আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের প্রধানের সাথে সাক্ষাৎ


বৈঠকে হযরত মির্যা মসরূর আহমদ (আই.)- **এর** বিশ্ব শান্তির প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ



টুভালুর প্রধানমন্ত্রী শনিবার ১১ জুলাই ২০১৫ লন্ডনের ফযল মসজিদে নিখিল বিশ্ব আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের প্রধান, পঞ্চম খলিফা হযরত মির্যা মসরূর আহমদ (আই.)-এর সাথে বৈঠক করেন।

বৈঠককালে মহামান্য প্রধানমন্ত্রী ইনেলে সোপোয়াগা বিশ্বের শান্তি প্রতিষ্ঠায় অব্যাহত প্রচেষ্টার জন্য এবং এ বছর কিছুদিন পূর্বে ঘূর্ণিঝড় প্যাম এর দরুন ক্ষতিগ্রস্ত টুভালুতে ত্রাণ বিতরণ টীম প্রেরণের জন্য খলিফার প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।





প্রধানমন্ত্রী একটি শান্তিপূর্ণ সমাজ গঠন ও জাতিকে অগ্রগতির পথে পরিচালিত করার অব্যাহত প্রচেষ্টার জন্য টুভালুর স্থানীয় আহমদীয়া মুসলিম সম্প্রদায়ের প্রশংসা করেন।

বৈঠককালে হ্যরত মির্যা মাসরূর আহ্মদ (আই.) বলেন যে, এটি অত্যাবশ্যক যে সমস্ত দেশ এবং মানুষ বিশ্বে শান্তি প্রতিষ্ঠায় কাজে লেগে যায়। সম্মানিত হুযূর (আই.) বলেন যে, তিনি একেই সময়ের সবচেয়ে বড় দাবি বলে মনে করেন।





প্রধানমন্ত্রী টুভালুর শিক্ষা এবং স্বাস্থ্য ব্যবস্থা উন্নত করা সহ বিভিন্ন আভ্যন্তরীণ বিষয় সম্পর্কে সম্মানিত হুযূর(আই.) কে অবহিত করেন।

বৈঠকের পরবর্তী এক অংশে প্রধানমন্ত্রী বলেন যে, যদি সম্মানিত হুযূর কোন দিন টুভালু সফর করেন তবে সেটি তাঁর দেশের জন্য সম্মান ও মর্যাদার কারণ হবে।

এ সময় আরো উপস্থিত ছিলেন ব্রাসেল্স-এ টুভালুর রাষ্ট্রদূত স্যার ইফতিখার আয়াজ এবং প্রধানমন্ত্রীর পরিবারের সদস্যবৃন্দ।